

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৫, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
রঙানি-১ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৪ নভেম্বর ২০১৯

নং ২৬.০০.০০০০.১০০.৪২.০১১.১৩-৩০৫—বাণিজ্য সংগঠন বিধিমালা ১৯৯৪ এর ১০(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশসমূহ ব্যতীত অন্যান্য দেশের জন্য বাণিজ্য মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-২৬.০০.০০০০.১০০.৪২.০১১.১৩-২০৮, তারিখ : ২৯ নভেম্বর, ২০১৮ এর মাধ্যমে পণ্যের উৎস, পরিমাণ, ও ওজন সম্পর্কে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে সার্টিফিকেট অব অরিজিন (সি,ও) জারি করার জন্য বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (বিসিআই)-কে ৩১-১২-২০১৯ পর্যন্ত ক্ষমতা প্রদান করা হয়। উক্ত আদেশের ধারাবাহিকতায় বছর বছর অনুমোদন সাপেক্ষে বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (বিসিআই)-কে সার্টিফিকেট অব অরিজিন (সি,ও) জারির ক্ষমতা আগামী ১(এক) বছর অর্থাৎ ০১-০১-২০২০ হতে ৩১-১২-২০২০ পর্যন্ত বৃদ্ধি করা হলো :

- সি.ও ফরম গ্রহণকারী ফার্মের পূর্ণ ঠিকানা রেজিস্ট্রারে লিপিবদ্ধ করবে;
- পূরণকৃত সি.ও ফরম সংশ্লিষ্ট দলিলাদির সাথে মিলিয়ে সই ও সীলযুক্ত করে ইস্যু করবে;
- ইস্যুকৃত সি.ও ফরম এর অনুলিপি সংরক্ষণ করবে;
- বিসিআই মহাসচিব এর তত্ত্বাবধানে সি.ও ইস্যু করা হবে; এবং
- মন্ত্রণালয়ে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল করবে।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নাজনীন পারভীন
সিনিয়র সহকারী সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২৫৪৭৩)

মূল্য : টাকা ৪.০০